

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২১.২০১৩-৩৭২

তারিখঃ ৬.০৩.২০১৩


আদেশ

যেহেতু, ডাঃ মানস বিশ্বাস (১০৯৭৫৫), মেডিকেল অফিসার, বাংলাদেশ ইনস্টিটিউট অব ট্রপিক্যাল এন্ড ইনফেকশাস ডিজিজেস, ফৌজদারহাট, চট্টগ্রাম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২৭.০৩.২০১৩ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, তিনি ০৭.০৭.২০১১ তারিখে স্বাস্থ্য অধিদপ্তরে যোগদান করেন এবং তাকে ০৩.০৫.২০১২ তারিখে স্বাস্থ্য অধিদপ্তর থেকে পদায়ন করা হয়। আদেশ অনুযায়ী তিনি পদায়নকৃত কর্মস্থলে ০৯.০৫.২০১২ তারিখ যোগদান করেন। তিনি এ সংক্রান্ত কাগজপত্র প্রদর্শন করেন এবং জানান যে, তিনি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন না এবং কর্তৃপক্ষের আদেশ অমান্য করেননি;

এক্ষণে, সেহেতু, ডাঃ মানস বিশ্বাস (১০৯৭৫৫), মেডিকেল অফিসার, বাংলাদেশ ইনস্টিটিউট অব ট্রপিক্যাল এন্ড ইনফেকশাস ডিজিজেস, ফৌজদারহাট, চট্টগ্রাম এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে তাঁকে অব্যাহতি প্রদান করা হল।



(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

নং-৩৫.১৫০.০২৭.০১.০০.০২১.২০১৩-৩৭২/১(৫)

তারিখঃ ৬.০৩.২০১৩

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক, প্রশাসন/এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। পরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম
- ৪। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। উপ-পরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ট্রপিক্যাল এন্ড ইনফেকশাস ডিজিজেস, ফৌজদারহাট, চট্টগ্রাম
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। ডাঃ মানস বিশ্বাস (১০৯৭৫৫), মেডিকেল অফিসার, বাংলাদেশ ইনস্টিটিউট অব ট্রপিক্যাল ইনফেকশাস ডিজিজেস, ফৌজদারহাট, চট্টগ্রাম


(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০২৫২

sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৯৩.২০১১- ৬৭১

তারিখঃ ৬.১.০৩.২০১৩


আদেশ

যেহেতু, ডাঃ তানভীর নিগাদ (কোড-১২৪৮০৭), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (প্রাক্তন সহকারী ডেন্টাল সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২১.০৩.২০১৩ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, গত ১৮.০৪.২০১১ তারিখ ডায়রিয়াজনিত কারণে তিনি অফিসে যেতে পারেননি। অনিচ্ছাকৃত এ ত্রুটির জন্য তিনি ক্ষমাপ্রার্থী;

এক্ষণে, সেহেতু, ডাঃ তানভীর নিগাদ (কোড-১২৪৮০৭), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (প্রাক্তন সহকারী ডেন্টাল সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম)-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব ও সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হল। কর্মস্থলে উপস্থিতির ব্যাপারে তাকে যত্নবান হওয়ার জন্য পরামর্শ প্রদান করা হল।



(এ. এম. বদরুদ্দোজা)


অতিরিক্ত সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৯৩.২০১১- ৬৭২/১(৭)

তারিখঃ ৬.১.০৩.২০১৩

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক, প্রশাসন/এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৪। সিভিল সার্জন, চট্টগ্রাম
- ৫। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৭। ডাঃ তানভীর নিগাদ (কোড-১২৪৮০৭), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা



(মোঃ সাইদুর রহমান)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৪০২৫২

sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৮৮.২০১২- ৬৭৫

তারিখঃ ৬১ .০৩.২০১৩


আদেশ

যেহেতু, ডাঃ মোঃ মোতাহার হোসেন (৪০৫৩৬), মেডিকেল অফিসার, ফটিকছড়ি ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, ফটিকছড়ি, চট্টগ্রাম (রেজিস্ট্রার (বার্ণ ও প্লাস্টিক সার্জারি), চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২৭.০৩.২০১৩ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, তিনি ৩১.১২.২০১১ তারিখ পর্যন্ত প্রেষণে ছিলেন। এছাড়া ০১.০১.২০১২ তারিখ থেকে ০৭.০৫.২০১২ তারিখ পর্যন্ত তিনি চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে বার্ণ ইউনিটে দায়িত্ব পালন করেছেন। অতঃপর তাকে ০৮.০৫.২০১২ তারিখে উক্ত বার্ণ ইউনিটে নিয়মিত পদায়ন করা হয় এবং সে মোতাবেক তিনি উক্ত বার্ণ ইউনিটে দায়িত্ব পালন অব্যাহত রাখেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ মোতাহার হোসেন (৪০৫৩৬), মেডিকেল অফিসার, ফটিকছড়ি ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, ফটিকছড়ি, চট্টগ্রাম এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে তাঁকে অব্যাহতি প্রদান করা হল।



(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৮৮.২০১২- ৬৭৫/১৫

তারিখঃ ৬১ .০৩.২০১৩

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক, প্রশাসন/এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। পরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম
- ৪। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। সিভিল সার্জন, চট্টগ্রাম
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। ডাঃ মোঃ মোতাহার হোসেন (৪০৫৩৬), মেডিকেল অফিসার, ফটিকছড়ি ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, ফটিকছড়ি, চট্টগ্রাম (স্থায়ী ঠিকানাঃ- পিতা-মৃত মোহাম্মদ হোসেন, বাড়ি নং-৯২/২, রোড নং-০৪ (হোসেন মঞ্জিল), ব্লক-এ, নিউ এইচ/এস, পশ্চিম ষোলশহর, চট্টগ্রাম)


(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০২৫২

sasdisc1@mohfw.gov.bd